প্রথম আলো

তারিখ ... OCT 06 2006

পৃষ্ঠা ১৭ কলাম ৭

বিশ্ব শিক্ষক দিবস পালিত

# শিক্ষকদের পেশাগত মর্যাদা রক্ষার দাবি

**নিজস্ব প্রতিবেদক**

শিক্ষকদের পেশাগত মর্যাদা রক্ষা এবং আর্থিক সুবিধা বাড়ানোর দাবি জানিয়ে বিভিন্ন শিক্ষক সংগঠন গতকাল বৃহস্পতিবার বিশ্ব শিক্ষক দিবস পালন করেছে। এ উপলক্ষে বিক্ষোভ, সমাবেশ ও আলোচনা সভার আয়োজন করা হয়।

'শিক্ষক বাঁচলে শিক্ষা বাঁচবে, শিক্ষা বাঁচলে দেশ বাঁচবে' স্লোগান দিয়ে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট রাজধানীর মুক্তাঙ্গনে বিক্ষোভ ও সমাবেশ কর্মসূচি পালন করে। সমাবেশে বক্তারা শিক্ষকদের মীমাংসিত দাবিগুলো এ সরকারের মেয়াদ শেষ হওয়ার আগেই মেনে নেওয়ার দাবি জানান। অন্যথায় তারা আগামী নির্বাচনসহ জাতীয় সব কর্মকাণ্ডে জোট সরকারকে সমুচিত জবাব দেওয়ার হুমকি দেন। ফ্রন্টের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের সভাপতিত্বে সমাবেশে বক্তৃতা করেন ফ্রন্ট নেতা মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যক্ষ মো. শাহাজাহান, আসাদুল হক, অধ্যক্ষ মোহাম্মদ আলী চৌধুরী, এম আরজু প্রমুখ।

বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ দিবসটি উপলক্ষে মুক্তাঙ্গন থেকে র‍্যালি বের করে। র‍্যালি শেষে পুরানা পল্টনের কমরেড ফরহাদ স্মৃতি ট্রাস্ট ভবনে অনুষ্ঠিত হয় সেমিনার। এতে মূল প্রবন্ধ পাঠ করেন ঐক্য পরিষদের আহ্বায়ক ড. ম আখতারুজ্জামান। বক্তৃতা করেন অধ্যক্ষ এম এ আউয়াল সিদ্দিকী, অধ্যক্ষ শাহজাহান আলম সাজু, মো. আবুবকর সিদ্দিক, অধ্যাপক এম এ বারী, অধ্যক্ষ মাহফুজা খানম প্রমুখ।

এ ছাড়া শিক্ষক-কর্মচারী ঐক্যজোট নয়াপল্টনের ৫৪ ইনার সার্কুলার সড়কে আলোচনা সভার আয়োজন করে। ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী মো. সেলিম ভূঁইয়ার সভাপতিত্বে সভায় বক্তৃতা করেন জোটের নেতা চৌধুরী মুগীসউদ্দিন মাহমুদ, মাওলানা এম এ লতিফ, মাহবুবুর রহমান মোল্লা, মো. জাকির হোসেন প্রমুখ। বক্তারা আগামী ১৫ অক্টোবরের আগে ঈদ বোনাসসহ অক্টোবরের বেতন দেওয়ার জন্য সরকারের কাছে দাবি জানান।